

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

NEP 2020 :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু বলেছেন, শিক্ষার্থীদের উন্নত মানের শিক্ষা প্রদান করাই জাতীয় শিক্ষানীতি ২০২০ এর মূল লক্ষ্য। তার জন্য শিক্ষকদের শিক্ষা প্রদানের ক্ষেত্রে আরও দক্ষ, উদ্যমী ও পেশাগতভাবে প্রশিক্ষিত হওয়া প্রয়োজন। জাতীয় শিক্ষক শিক্ষা পরিষদের উদ্যোগে গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে 'জাতীয় শিক্ষানীতি ২০২০ বাস্তবায়নের অগ্রযাত্রা' শীর্ষক একদিনের রাজ্যস্তরীয় কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, শিক্ষকদের আধুনিক শিক্ষা ব্যবস্থা উপর আরো বেশি দক্ষতা অর্জন করতে হবে। অনুষ্ঠানে ভিডিও বার্তায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী।

Assembly-Drinking water :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, চলতি অর্থবছরে রাজ্যের গ্রামীণ এলাকায় ৪৩ হাজার ৬১০টি পরিবারকে পানীয় জলের সংযোগের আওতায় আনা হয়েছে। বিধায়ক রঞ্জিত দেবর্মার এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী

গতকাল বিধানসভায় এতথ্য জানান। মুখ্যমন্ত্রী আরো বলেন, আসন্ন শুখা মরসুমে জলের সংকট দূর করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

Nomination :

ধর্মনগরের বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সি.পি.আই(এম) প্রার্থী অমিতাভ দত্ত গতকাল মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি ধর্মনগরের মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরীর কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

Candidate-Dharmanagar :

এদিকে, ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য বিজেপি ও কংগ্রেসের পক্ষ থেকে গতকাল প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। এই কেন্দ্রে বিজেপি প্রার্থী হিসাবে জহর চক্রবর্তী ও জাতীয় কংগ্রেসের প্রার্থী হিসাবে চয়ন ভট্টাচার্য-কে মনোনীত করা হয়েছে।

Bye-Election :

রাজ্য নির্বাচন দপ্তর থেকে জানানো হয়েছে, ধর্মনগর বিধানসভা উপনির্বাচনে জাতীয় ও রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিদের উপস্থিতিতে

সংশ্লিষ্ট জেলা নির্বাচন কর্মকর্তা আজ ইভিএম ম্যানেজমেন্ট সিস্টেম (ইএমএস)-
এর মাধ্যমে ইভিএম ও ভিভিপ্যাটগুলোর- প্রথম র্যাল্ড মাইজেশন করবেন।

প্রথম র্যাল্ডমাইজেশন সম্পন্ন হওয়ার পর, জেলা সদর দপ্তরে নির্বাচনী এলাকা
অনুযায়ী বরাদ্দকৃত ইভিএম এবং ভিভিপ্যাট-এর তালিকা সমস্ত জাতীয় ও
রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলকে জানানো হবে। এরপর, এই ইভিএম এবং
ভিভিপ্যাটগুলি নির্বাচনে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে প্রদান
করা হবে। এই ইভিএম এবং ভিভিপ্যাটগুলি জাতীয় ও রাজ্য স্বীকৃত
রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে স্ট্রং রুমে সংরক্ষণ করা
হবে।

Assembly End :

রাজ্য বিধানসভার চলতি বাজেট অধিবেশন আগামী ২৫শে মার্চের পরিবর্তে
২৩শে মার্চ শেষ হবে গতকাল বিধানসভায় বি.এ.সি'র বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ
করা হয়। পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ এখবর জানিয়েছেন।

Assembly-Amrit Bharat :

পরিবহন মন্ত্রী সুরশান্ত চৌধুরী জানিয়েছেন, অমৃত ভারত প্রকল্পের অধীনে
আগরতলা, কুমারঘাট ও ধর্মনগর রেল স্টেশনগুলিতে আধুনিকীকরণের কাজ
চলছে। গতকাল বিধানসভায় বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথের এক প্রশ্নের উত্তরে
তিনি একথা জানান। তিনি জানান, ধর্মনগর ও কুমারঘাট স্টেশনগুলির নতুন

ওয়েটিং এরিয়া, পিপি শেড নির্মাণ, ফুট ওভার ব্রিজ, দিব্যাঙ্গজনদের টিকিট
বুথ নির্মাণ সম্পন্ন হয়েছে।

Idd-UI-Fitr :

ত্রিপুরাতেও আগামীকাল ইসলাম ধর্মের অন্যতম প্রধান উৎসব ইদ-উল-ফিতর
উদযাপিত হবে। আগরতলা টাউন জামে মসজিদের ইমাম আবদুর রহমান
গতকাল সন্ধ্যায় এই সংবাদ জানিয়েছেন। তিনি বলেন, ত্রিশটি রোজার পর ইদ-
উল-ফিতর পালিত হয়। তিনি জানান, ইদের মূল নামাজ আদায় হবে
আগরতলার গেদু মিয়া ঈদগাহ প্রাঙ্গনে সকাল ৯ টায়। ইমাম আবদুর রহমান
নামাজ পাঠের পরিচালনা করবেন।

MBB C Chemistry :

আগরতলার মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় এবং এম
বিবি মহাবিদ্যালয়ের রসায়ন বিভাগের উদ্যোগে গতকাল এম বি বি
মহাবিদ্যালয়ে Emerging Areas of Chemistry: Current Trends,
Challenges and Future Prospects → শীর্ষক জাতীয় পর্যায়ের দুই দিনের
আলোচনাচক্র শুরু হয়েছে। প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অধ্যাপক অরুনোদয় সাহা
আলোচনাচক্রের উদ্বোধন করেন। মুখ্য আলোচক হিসাবে বক্তব্য রাখেন

ইন্ডিয়ান ন্যাশানাল সায়েন্স একাডেমীর বিশিষ্ট বিজ্ঞানী অধ্যাপক সুব্রত ঘোষ। আলোচনাচক্রে আই আই টি খড়্গপুর, আই আই টি গুয়াহাটি, সাহা ইন্সটিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্স, এন ই আই এস টি জোরহাট, সিএসআই আর তেজপুর, ত্রিপুরা বিশ্ববিদ্যালয় সহ দেশের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ১৬ জন গবেষক, শিক্ষক অংশ নিয়েছেন। বিভিন্ন ক্ষেত্রে রসায়নের কার্যকারিতার প্রভাব ও ব্যবহার নিয়ে আলোচনা করা হয়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে, সঙ্গে কোথাও কোথাও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।
